# বাংলাদেশ কৃষি ব্যাংক

গণমানুষের ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ

ফোন ঃ ০২-২২৩৩৮৩৫৩৫

ই-মেইলঃ

dgmcsd@krishibank.org.bd,
dgmewt@krishibank.org.bd


বিষয় ঃ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২৩' পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি বাস্তবায়ন প্রসঙ্গে।

অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ ব্যাংক এবং পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় শোক দিবস ২০২৩ যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে ঃ

(ক) প্রধান কার্যালয় ঃ

| ক্রঃ নং | তারিখ | কর্মসূচি | কার্যকরণ |
|---|---|---|---|
| ০১. | ০১ হতে ৩১ আগস্ট ২০২৩ | প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর কালো ব্যাজ ধারণ। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ কর্তৃক কর্মসূচি চলমান। |
| ০২. | ০১ হতে ৩১ আগস্ট ২০২৩ | প্রধান কার্যালয়ে ড্রপডাউন ব্যানার স্থাপন। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ কর্তৃক কর্মসূচি সম্পন্নকৃত। |
| ০৩ | ১৫ আগস্ট ২০২৩ | ব্যাংকের প্রধান কার্যালয়ে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ (সূর্যোদয়ের সময়)। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ। |
| ০৪ | ১৫ আগস্ট ২০২৩ | ধানমন্ডি-৩২ এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ (সকাল ৭.০০ ঘটিকা)। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ। |
| ০৫ | ১৫ আগস্ট ২০২৩ | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের শহীদ সদস্যদের রুহের মাগফেরাত কামনায় কোরআন খতম, বিশেষ দোয়া ও মোনাজাত (সকাল ১০.০০ ঘটিকা)। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ। |
| ০৬ | ১৫ আগস্ট ২০২৩ | প্রধান কার্যালয়ের মুজিব কর্ণারে শোক দিবসের প্রামাণ্যচিত্র প্রদর্শনী (দিনব্যাপি)। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ। |
| ০৭ | ১৬ আগস্ট ২০২৩ | "জাতীয় শোক দিবস ২০২৩" উপলক্ষ্যে এতিম খানায় খাদ্য বিতরণ। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ। |
| ০৮ | ২৩ আগস্ট ২০২৩ | "জাতীয় শোক দিবস ২০২৩" উপলক্ষ্যে বিকেবি স্টাফ কলেজে বৃক্ষরোপণ কর্মসূচি। | এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ ও বিকেবি স্টাফ কলেজ। |
| ০৯ | ২৩ আগস্ট ২০২৩ | "জাতীয় শোক দিবস ২০২৩" উপলক্ষ্যে বিশেষ আলোচনা সভা। | বিকেবি স্টাফ কলেজ মিরপুর, ঢাকা। |
| ১০ | ০১ হতে ৩১ আগস্ট ২০২৩ | ডেঙ্গু প্রতিরোধে মশক নিধন কর্মসূচি। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ। |
| ১১ | | জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি/ বিজ্ঞাপন প্রকাশ। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ |
| ১২ | ০১ হতে ৩১ আগস্ট ২০২৩ | ওয়েবসাইটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক প্রস্তুতকৃত ওয়েবব্যানার প্রদর্শন। | আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ কর্তৃক কর্মসূচি চলমান। |
| ১৩ | | আয়োজিত অনুষ্ঠানের ধারণকৃত আলোকচিত্রের সফটকপি সহ প্রতিবেদন অর্থমন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে ০৩/০৯/২০২৩ তারিখের মধ্যে প্রেরণ। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ। |

(খ) মাঠ কার্যালয় ঃ

| | |
|---|---|
| ০১ | "জাতীয় শোক দিবস ২০২৩" উপলক্ষ্যে বিভাগীয় মহাব্যবস্থাপক ফরিদপুর এর নেতৃত্বে ১৫ আগস্ট ২০২৩ খ্রি.তারিখে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধুর সমাধিতে পুষ্পস্তবক অর্পণ। (কার্যকরণ ঃ বিভাগীয় কার্যালয় ফরিদপুর )। |
| ০২ | "জাতীয় শোক দিবস ২০২৩" উপলক্ষ্যে সকল মাঠ কার্যালয় ও প্রতিটি শাখা পর্যায়ে জাতীয় পতাকা যথাযথভাবে অর্ধনমিতকরণ এবং ব্যানার প্রদর্শন। (কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)। |
| ০৩ | বিভাগীয় কার্যালয় সমূহে ব্যাংক ভবনের নিজস্ব মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত। (কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)। |
| ০৪ | শাখা পর্যায়ে গ্রাহকদের মাঝে বৃক্ষের চারা বিতরণ ও বৃক্ষরোপণে উদ্বুদ্ধকরণ। (কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)। |
| ০৫ | সরকার কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচিতে ব্যাংকের সকল বিভাগীয় কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/শাখার অংশগ্রহণ। (কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)। |

০২। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৮তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস-২০২৩' যথাযোগ্য মর্যাদায় পালনের নিমিত্ত উক্ত কর্মসূচি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগ/কার্যালয়কে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে,

আপনার বিশ্বস্ত

(মোঃ আব্দুস সামাদ)
উপমহাব্যবস্থাপক

---

পত্র নং- প্রকা/প্রকিউর-১(৪)/অংশ-৪/২০২৩-২০২৪/ ১৮৭

তারিখঃ ১৩/০৮/২০২৩ খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতা/সম্মানের ভিত্তিতে নয়) ঃ**

০১। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক ১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক ফরিদপুর মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
০৬। স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৭। উপমহাব্যবস্থাপক জনসংযোগ ও প্রটোকল বিভাগ/শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ/ এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ / আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। সভাপতি/কার্যকরী সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মচারী ইউনিয়ন (সিবিএ), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯। সভাপতি/কার্যকরী সভাপতি/সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স ঐক্য পরিষদ, স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ, বঙ্গবন্ধু পেশাজীবী লীগ, মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। নথি/মহানথি।

(মোহাম্মদ জসিম উদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক